



আইনি ভিত্তি ছাড়া জুলাই সনদ স্বাক্ষর হবে লোক দেখানো: নাহিদ ইসলাম



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, জুলাই সনদের আইনি ভিত্তি না থাকলে এর স্বাক্ষর শুধুমাত্র লোক দেখানো হবে এবং এটি জুলাইয়ের সঙ্গে প্রতারণা হিসেবে গণ্য হবে। তিনি স্পষ্ট করেন, নোট অব ডিসেন্টের সঙ্গে সনদের কোনো সম্পর্ক নেই।

শনিবার (১৮ অক্টোবর) সকালে রাজধানীর বাংলামোটর অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে সংবাদ সম্মেলনে নাহিদ ইসলাম বলেন, ঐক্যমত কমিশন আলোচনা ডাকার ক্ষেত্রে এনসিপি সাড়া দেবে। তবে তিনি জোর দিয়ে বলেন, নোট অব ডিসেন্ট (ভিল্লমত) ও জুলাই সনদের মধ্যে কোনো সম্পর্ক নেই।

প্রতীক ইস্যুতে নাহিদ জানান, শাপলাই হবে এনসিপির মার্কা, যা নিয়ে তার দল আগামী জাতীয় নির্বাচনে অংশগ্রহণ করবে। এছাড়া নির্বাচনে লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিত করতে নজর রাখছে এনসিপি। তিনি জনপ্রশাসন সম্পর্কেও কিছু সন্দেহের বিষয় তুলে ধরেন।

সংবাদ সম্মেলনে নাহিদ ইসলাম বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদের মন্তব্যের নিন্দা জানান, যেখানে জুলাই যোদ্ধাদের ‘আওয়ামী ফ্যাসিস্ট’ আখ্যা দেওয়া হয়েছিল। নাহিদ আহ্বান জানাচ্ছেন, সংশ্লিষ্ট ব্যক্তিকে এই মন্তব্য প্রত্যাহার করে ক্ষমা চাওয়ার জন্য।